পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

২০২৩-২৪ অর্থ বছরের পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মশিয়ার রহমান
সভার তারিখ : ১০ আগস্ট ২০২৩
সময় : বেলা ৩.০০ ঘটিকা
সভার স্থান : কক্ষ নং-৮০৬, পিকেএসএফ ভবন
সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়সমূহ সুপারিশ করা হয়:

ক্রম. নং	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
১	আর্থিক প্রতিষ্ঠান বিভাগে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২৩-২৪ অর্থবছরের জন্য সেবা/অফিস সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২৩-২৪ অর্থবছরের জন্য সহযোগী সংস্থা হতে পিকেএসএফ-এ তথ্য প্রেরণের ক্ষেত্রে সহযোগী সংস্থা হতে পিকেএসএফ-এ অটোমেটেড তথ্য প্রবাহ সহজিকরণকে একটি উদ্ভাবনী কার্যক্রম হিসেবে গ্রহণ করার বিষয়ে সকলে একমত পোষণ করে।
২	আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত	পিকেএসএফ-এর এসইপি প্রকল্পের আওতায় জামদানি পণ্যের বাজার সম্প্রসারণ নিমিত্ত বিগত ১৯ শে জুলাই থেকে ২৯ শে জুলাই ২০২৩ তারিখ পর্যন্ত বাংলাদেশ শিল্পকলা একাডেমির চিত্রশালা গ্যালারিতে 'অনন্য বয়নে জামদানি উৎসব' শীর্ষক একটি প্রদর্শনের আয়োজন করা হয়। অনুষ্ঠানটি পিকেএসএফ-এর সহযোগী সংস্থা 'সেবা নারী ও শিশু কল্যাণ কেন্দ্র' পিকেএসএফ ও বিশ্বব্যাংকের এর সহযোগিতায় আয়োজন করে। সভায় 'অনন্য বয়নে জামদানি উৎসব' শীর্ষক প্রদর্শনীকে একটি ইনোভেটিভ প্রদর্শনী হিসেবে নির্বাচন করার বিষয়ে কমিটির সকলে একমত পোষণ করেন।
৩	ই নথির ব্যবহার বৃদ্ধি	উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২৩-২৪ অনুযায়ী ই-ফাইলে নোট নিস্পত্তির বিষয়ে উল্লেখ রয়েছে। এ বিষয়ে জনাব নাজমুল হাসান, উপ-ব্যবস্থাপক উল্লেখ করেন যে, সম্প্রতি a2i হতে পিকেএসএফ-এর ই-নথি সংক্রান্ত সফটওয়্যারের সকল তথ্য বিগত ২৮-০৩-২০২৩ তারিখ হতে ডি-নথি সফটওয়্যারে মাইগ্রেট করা হয়েছে। উক্ত ডি-নথি সফটওয়্যারের বাস্তবায়ন ও ব্যবহার বিষয়ক আয়োজিত প্রশিক্ষণে পিকেএসএফ থেকে ৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণে ডি-নথি সফটওয়্যারটিতে বেশ কিছু নতুন ফিচার সংযোজন করা হয়েছে এবং ব্যবহার বিধিতেও কিছুটা পরিবর্তন আনা হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। পিকেএসএফ-এ ডি-নথি সফটওয়্যারের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে ডি-নথি সফটওয়্যারে পিকেএসএফ-এর হালনাগাদ অফিস কাঠামো পুনর্গঠন, a2i হতে সকল কর্মকর্তার ওরিয়েন্টেশন, সকল শাখায় ধাপে ধাপে ডি-নথি সফটওয়্যারের ব্যবহার শুরু করা ইত্যাদি বিষয়ে পিকেএসএফ-এর আই অ্যান্ড টি শাখা হতে একটি কর্মপরিকল্পনা ব্যবস্থাপনার নিকট উপস্থাপন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী আগস্ট ২০২৩ তারিখের মধ্যে পিকেএসএফ-এর কর্মকর্তাদের ডি-নথি বিষয়ে দুটি ওরিয়েন্টেশন আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন।
৪	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে জানানো হয় বিগত ২০২২-২৩ অর্থ বছরের তথ্য বাতায়ন হালনাগাদকরণের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা অনুযায়ী

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

ক্রম. নং	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
		আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন প্রতিটি প্রতিষ্ঠান তাদের নিজস্ব তথ্য ওয়েবসাইটে আপলোড করার সময় আপলোডের তারিখ উল্লেখ করে থাকেন। কিন্তু পিকেএসএফ-এর ওয়েবসাইটে এ ধরনের তারিখ উল্লেখ থাকে না। ফলে পিকেএসএফ-এর তথ্য বাতায়ন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা অনুযায়ী হালনাগাদ করা হয়েছে কিনা সেবিষয়ে সঠিক তথ্য দেয়া সম্ভব হয় না। বর্ণিত প্রেক্ষিতে, পিকেএসএফ-এর ওয়েবসাইটে কোন তথ্য/সংবাদ/ডকুমেন্টস আপলোড করার সময় প্রতিটি কনটেন্ট এর পাশে তারিখ উল্লেখ করার জন্য সভাপতি মহোদয়, পিকেএসএফ-এর উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।
৫	উদ্ভাবনীমূলক কর্মকান্ডের উপর পুস্তিকা	২০১৬ সাল থেকে এ পর্যন্ত পিকেএসএফ-এর উদ্ভাবনীমূলক কর্মকান্ডের উপর আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরিত Write Up গুলোকে পুস্তিকা আকারে প্রকাশের জন্য জনাব মোঃ হুমায়ুন কবির, উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম) কে দায়িত্ব প্রদান করা হয়। পুস্তিকা প্রণয়নের কাজ সম্পন্ন হলে যথাসময়ে তা পিকেএসএফ এর ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে পরামর্শ দেয়া হয়।

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/৮/২৩

(মোঃ মশিয়ার রহমান)
উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩

অনুলিপি:
১. উপ-ব্যবস্থাপনা পরিচালক-২
২. ডিজিএম, যোগাযোগ ও প্রকাশনা
৩. ইনোভেশন কমিটির, সকল সদস্য
৪. আই এন্ড টি শাখা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)
৫. সংশ্লিষ্ট নথি।

পল্লী
কর্ম-সহায়ক
ফাউন্ডেশন

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

পরিশিষ্ট: ক

পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মশিয়ার রহমান	উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩	10/8/23
২	ড. তৌফিক হাসান	মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন)	10.08.23
৩	জনাব মোঃ হুমায়ুন কবির	উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)	10/08/23
৪	জনাব আবুল কালাম আজাদ	সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম)	10.08.23
৫	জনাব মোঃ তারিকুল আলম	সহকারী মহাব্যবস্থাপক (আইএন্ডটি)	10.8.23
৬	জনাব কামরুন্নাহার	ব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন)	10.08.23
৭	জনাব মোঃ নাজমুল হাসান	উপ-ব্যবস্থাপক (আইএন্ডটি)	10/08/2023